**আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**
***Website: www.bb.org.bd***

**ডিএফআইএম সার্কুলার নং-০৭**

**তারিখ: ০৬ আষাঢ় ১৪৩০ / ২০ জুন ২০২৩**

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা**
**বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।**

**প্রিয় মহোদয়,**

**আমানত ও ঋণ/লিজ/বিনিয়োগের সুদ/মুনাফার হার প্রসঙ্গে।**

আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক আমানত সংগ্রহ ও ঋণ বিতরণের ক্ষেত্রে বাজার ভিত্তিক সুদহার ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে নিম্নবর্ণিত নীতিমালা অনুসরণীয় হবে:

(ক) বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১৮২ দিন মেয়াদি ট্রেজারি বিলের বাজার সুদকে ভিত্তি ধরে একটি রেফারেন্স রেট নির্ণয় করা হবে যা SMART (Six-Months Moving Average Rate of Treasury Bills) নামে অভিহিত হবে। ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক নির্ণীত এ SMART index প্রতিমাসের প্রথম কর্মদিবসে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশ করা হবে;

(খ) আর্থিক প্রতিষ্ঠানসমূহ স্ব স্ব পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত নীতিমালার আওতায় আমানত ও ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফার হার নির্ধারণ করবে; তবে,

(১) আমানতের সুদ/মুনাফার হার SMART+২% এর অধিক হবে না;

(২) ঋণ/লিজ/বিনিয়োগের সুদ/মুনাফার হার SMART+৫% এর অধিক হবে না;

(গ) সিএমএসএমই ঋণ এবং ভোক্তা ঋণের (Consumer Financing) আওতাধীন ব্যক্তিগত ঋণ (Personal Loan) ও গাড়ি ক্রয় ঋণ (Auto Loan) এর ক্ষেত্রে উল্লিখিত সুদ/মুনাফার হারের অতিরিক্ত সর্বোচ্চ ১% সুপারভিশন চার্জ আদায় করা যাবে। উক্ত সুপারভিশন চার্জ বছরে একবার আদায়/আরোপ করা যাবে। বার্ষিক (Yearly) ভিত্তিতে আরোপিত এ সুপারভিশন চার্জের উপর চক্রবৃদ্ধি হারে কোন চার্জ বা সুদ আরোপ করা যাবে না। তবে কোন ঋণ হিসাব বছরের মধ্যবর্তী সময়ে সমন্বয়ের ক্ষেত্রে ১% হারে আনুপাতিক সময়ের জন্য সুপারভিশন চার্জ আদায় করা যাবে;

(ঘ) যে মাসের সুদহার নির্ধারণ করা হবে তার অব্যবহিত পূর্ববর্তী মাসের SMART কে ভিত্তি ধরে সুদ/মুনাফার হার নির্ধারণ করতে হবে। উদাহরণস্বরূপ, মার্চ মাসের সুদহার নির্ধারণে ফেব্রুয়ারি মাসে প্রকাশিত SMART কে বিবেচনায় নিতে হবে;

(ঙ) বাংলাদেশ ব্যাংক বা সরকার কর্তৃক গঠিত প্রণোদনা প্যাকেজ/বিশেষ তহবিলের আওতায় প্রদত্ত ঋণের সুদ/মুনাফার হার নির্ধারণে সংশ্লিষ্ট তহবিলের জন্য প্রণীত নীতিমালা প্রযোজ্য হবে।

২. বর্ণিত পদ্ধতিতে সুদ/মুনাফার হার পরিবর্তনের ফলে গ্রাহকের ঋণের প্রদেয় কিস্তির পরিবর্তনের প্রয়োজনীয়তা দেখা দিলে কিস্তি পুনঃনির্ধারণের পূর্বে আবশ্যিকভাবে গ্রাহককে অবহিত করতে হবে।

৩. ইসলামী শরীয়াহ ভিত্তিক পরিচালিত আর্থিক প্রতিষ্ঠানসমূহ ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক ঘোষিত SMART কে ভিত্তি ধরে তার সাথে অনুচ্ছেদ ১(খ)–এ বর্ণিত মার্জিন যোগ করে আমানত/বিনিয়োগের বিপরীতে মুনাফার হার নির্ধারণ করবে। এতদ্ব্যতীত, অনুচ্ছেদ ১(গ)–এ বর্ণিত সুপারভিশন চার্জ আদায় করতে পারবে।

৪. ডিএফআইএম সার্কুলার নং-০৯ তারিখঃ ২৯ নভেম্বর ২০১২ এর নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট মাসের ৭ তারিখের মধ্যে উক্ত মাসের ঘোষিত সুদহার বিবরণী Rationalized Input Template (RIT) ব্যবহার করে ওয়েব পোর্টালে আপলোড করার বিষয়টি চলমান থাকবে।

৫. কোন নতুন ঋণ প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট মাসের জন্য নির্ধারিত সুদহার কার্যকর হবে। সুদহার স্থির (Fixed) অথবা পরিবর্তনশীল (Variable) যে প্রকৃতিরই হোক না কেন তা ঋণ প্রদানের পূর্বে ঋণগ্রহীতার সম্মতিক্রমে নির্ধারিত হতে হবে। তবে পরিবর্তনশীল প্রকৃতির সুদহার প্রয়োগের ক্ষেত্রে প্রতি ০৬ মাস পর পর পরিবর্তন কার্যকর হবে। উদাহরণস্বরূপ ০১ জানুয়ারি ২০২৪ তারিখে নতুন ঋণ প্রদান করা হলে পরিবর্তনশীল সুদহার ০১ জুলাই ২০২৪ তারিখে পরিবর্তনযোগ্য হবে।

৬. এ নির্দেশনা জারির প্রেক্ষিতে ডিএফআইএম সার্কুলার নং-০৬, তারিখঃ ১৮ এপ্রিল ২০২২ এর নির্দেশনা রহিত করা হলো।

৭. এ নির্দেশনা ০১ জুলাই ২০২৩ তারিখ হতে কার্যকর হবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ক), (ঘ) এবং (ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

**(মোঃ আমির উদ্দিন)**
পরিচালক (ডিএফআইএম)
ফোনঃ ৯৫৩০১৭৮।